

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১০৯

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)
পরিচ্ছেদঃ ৩৯. দাবী করা ও তা প্রত্যাখ্যান করা

باب فِي الادِّعَاءِ وَالْإِنْكَارِ

## আরবী

حَدَّتَنَا أَبُو خَيْثَمَةَ مُصِعْبُ بْنُ سَعِيدِ الْحَرَّانِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ الْأَشْعَثِ عَنْ الْأَشْعَثِ عَنْ الْأَشْعَثِ عَنْ الْأَلْفَيْ دِرْهَمٍ فَاقْتَسَمَا الْأَلْفَيْ دِرْهَمٍ وَغَابَ أَحَدُ الْحَسَنِ فِي رَجُلٍ هَلَكَ وَتَرَكَ ابْنَيْنِ وَتَرَكَ أَلْفَيْ دِرْهَمٍ فَاقْتَسَمَا الْأَلْفَيْ دِرْهَمٍ وَغَابَ أَحَدُ الْابْنَيْنِ فَجَاءَ رَجُلٌ فَاسْتَحَقَّ عَلَى الْمَيِّتِ أَلْفَ دِرْهَمٍ قَالَ يَأْخُذُ جَمِيعَ مَا فِي يَدِ هَذَا الشَّاهِدِ وَيُقَالُ لَهُ اتَّبِعْ أَخَاكَ الْغَائِبَ وَخُذْ نِصِفَ مَا فِي يَدِهِ

## বাংলা

৩১০৯. আশ'আস হতে বর্ণিত, কোন ব্যক্তি তার মৃত্যুকালে দু'টি ছেলে ও দু'হাজার দিরহাম রেখে গেলো। অত:পর দু'ভাই দু'হাজার দিরহাম ভাগ করে নিল এবং দু'জনের একজন চলে গেল। এরপর এক লোক এসে মৃত ব্যক্তির নিকট তার এক হাজার দিরহাম (পাওনা আছে বলে) দাবী করলো।— এমন ব্যক্তি সম্পর্কে হাসান (রহঃ) বলেন, উপস্থিত পুত্রের প্রাপ্ত সকল সম্পদ সে নিয়ে নেবে এবং তাকে (পূত্রকে) বলা হবে, তুমি তোমার ভাইকে খুজে বের করে তার থেকে তার সম্পদের অর্ধেক নিয়ে নাও।'[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ হাসান। আবী খাইসামা হলেন মুস'আব ইবনু সাঈদ।

তাখরীজ : ইবনু আবী শাইবা ১১/২২৩, ২২৫ নং ১১০৪৮, ১১০৫০, ১১০৫৮।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আশ'আস (রহঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83394

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন